দর্শনা শ্যামপুর গ্রামে মোয়াজ্জেম হোসেন কিন্ডার গার্ডেন স্কুলে নতুন বই বিতরণ

দর্শনা শ্যামপুর গ্রামে মোয়াজ্জেম হোসেন কিন্ডার গার্ডেন স্কুলের উদ্বোধন ও নতুন বই বিতরণ করা হয়েছে।

আজ সকাল সাড়ে ৯টায় শ্যামপুর মোয়াজ্জেম হোসেন হাফিজিয়া মাদ্রাসা, এতিমখানা ও লিল্লাহ বোডিং এর আঙ্গিনায় কিন্ডার গার্ডেন স্কুলের উদ্বোধন ও নতুন বই বিতরণ করা হয়।

মাহবুব উল ইসলাম খোকনের সভাপতিত্বে অনুষ্ঠিত উদ্বোধনী অনুষ্ঠানের শুরুতেই কোরন-আন থেকে তেলোয়াত করেন মাদ্রার ছাত্র জুনায়েত হোসেন। মাদ্রাসায় কোরান শিক্ষার পাশাপাশি বাংলা, ইংরাজী, অংক ও সমাজ বিজ্ঞানসহ সকল বিষয়ে শিক্ষা প্রদান করা হবে জানান কর্তৃপক্ষ।

অতিথি হিসাবে অনুষ্ঠানে বক্তব্য হাজী জাহিদুল ইসলাম, সাবেক উপজেলা ভাইস চেয়ারম্যান আব্দুল কাদের, মাদ্রাসার অধ্যক্ষ মাওঃ হাফিজুর রহমান, হাজী মোঃ হাবিবুল্লা, হালসা কিন্ডার গার্ডেনের শিক্ষক সাইদুর রহমান, মোঃ কামরুজ্জামান যুদ্ধ।

অনুষ্ঠান পরিচালনা করেন শ্যামপুর জামে মসজিদের পেশ ঈমাম মাওঃ জুনায়েত হোসেন।